যুগান্তর

তারিখ 17 JUL 2016
পৃষ্ঠা ১ কলাম ২

### জঙ্গিদের বাসা ভাড়া দেয়া

# নর্থ সাউথের প্রোভিসিসহ তিনজন গ্রেফতার

যুগান্তর রিপোর্ট

গুলশানে জঙ্গি হামলায় জড়িত জঙ্গিদের বাসা ভাড়া দেয়া হয়েছিল নাম-ঠিকানাসহ পূর্ণাঙ্গ তথ্য না নিয়েই। তাদের তথ্য না রাখা ও তথ্য গোপন রাখার অভিযোগে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রোভিসি ও স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সের ডিন অধ্যাপক গিয়াস উদ্দিন আহসানসহ তিনজনকে গ্রেফতার করেছে পুলিশের কাউন্টার টেরোরিজম ইউনিট (সিটি)। শনিবার বিকালে বসুন্ধরা আবাসিক এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতার অন্যরা হলেন— গিয়াস ■ পৃষ্ঠা ১৪ : কলাম ৬



গিয়াস উদ্দিন

# নর্থ সাউথের প্রোভিসি গ্রেফতার

(১ম পৃষ্ঠার পর)

উদ্দিন আহসানের ভাগ্নে আলম চৌধুরী ও ভবনের ব্যবস্থাপক মাহবুবুর রহমান তুহিন। ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-কমিশনার (মিডিয়া) মাসুদুর রহমান যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন।

পুলিশ জানায়, গুলশান হলি আর্টিজান রেস্টুরেন্টে হামলাকারী জঙ্গিরা ভাটারা থানাধীন বসুন্ধরা আবাসিক এলাকার ৬ নম্বর সড়কের ব্লক-ই-এর টেনামেন্ট-৩ এর ফ্ল্যাট এ/৬ মে মাসে ভাড়া নেয়। ঘাতকরা স্ত্রী, ভাই ও শ্যালক থাকবে বলে বাসাটি ভাড়া নিয়েছিল। পরে আস্তে আস্তে জঙ্গিরা সেখানে আস্তানা গড়ে তোলে। ওই বাসার মালিক ভারপ্রাপ্ত প্রোভিসি গিয়াস উদ্দিন আহসান। গুলশান হলি আর্টিজানে হামলার উদ্দেশ্যে সেখানে অবস্থানের জন্য জঙ্গিরা বাসা ভাড়া নিয়েছিল। হামলার সর্বশেষ পরিকল্পনা করা হয় ওই বাসা থেকে। এছাড়া এখান থেকে থেকে কয়েকবার হলি আর্টিজান রেকিও করেছিল জঙ্গিরা। এই বাসা থেকেই পরিচালিত হয় হলি আর্টিজান কিলিং মিশন। ১ জুলাই ৫ জঙ্গি সদস্য ওই বাসা থেকে বেরিয়ে পায়ে হেঁটে সরাসরি যায় আর্টিজানে হামলা করতে। এ সময় তাদের সহযোগীরা ওই বাসায় অবস্থান করছিল। হামলার পর সহযোগীরা বাসা থেকে পালিয়ে যায়। ওই বাসা থেকে বালুভর্তি কার্টন ও তাদের পরিধেয় বস্ত্রসহ বিভিন্ন মালামাল জব্দ করা হয়েছে। বালুভর্তি এসব কার্টনে হামলায় ব্যবহৃত গ্রেনেড রাখা হয়েছিল বলে ধারণা করছে পুলিশ। উপপুলিশ কমিশনার মাসুদুর রহমান যুগান্তরকে বলেন, ফ্ল্যা?টটির মালিক হচ্ছেন গিয়াস উদ্দিন আহসান। আর ওই ফ্ল্যাটটি ভাড়া দেয়ার দায়িত্ব ছিল আলম ও তুহিনের ওপর। ভাড়া দেয়ার সময় ভাড়াটিয়ার তথ্য রাখার ব্যাপারে ডিএমপির নির্দেশ থাকলেও তারা তা রাখেনি।

প্রসঙ্গত, ভাটারা থানাধীন ওই আবাসিক অভিজাত এলাকায় জঙ্গিরা বাসা ভাড়া নিয়েছিল, সেখানে বসেই হামলার পরিকল্পনা হয় এবং ১ জুলাই সেখান থেকে বেরিয়ে হেঁটে জঙ্গিরা হলি আর্টিজানে হামলা চালাতে গিয়েছিল— এমন খবর শুক্রবার যুগান্তরে প্রকাশিত হয়।